

১৯/৭/২১



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর, বাংলাদেশ  
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ দফতর  
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স ০২ ৯২৯১০৫০  
mail: pr@nu.edu.bd

তারিখ: ১৩ জুলাই, ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

## এন ইউ'র শিক্ষার্থীদের কোভিড-১৯ এর টিকা সংক্রান্ত তথ্য পাঠানোর সময়সীমা বৃদ্ধি

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণরোধ ও স্বাস্থ্যঝুঁকি এড়াতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের কোভিড-১৯ এর টিকা সংক্রান্ত তথ্য পাঠানোর সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। আগামী ১৯ জুলাইয়ের মধ্যে টিকা সংক্রান্ত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে পাঠানোর নতুন সময় নির্ধারিত করা হয়েছে। সকল শিক্ষার্থীকে টিকা কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে ১২ জুলাই থেকে এক সপ্তাহ সময় বাড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

নতুন নির্ধারিত সময়সীমা অনুযায়ী আগামী ১৯ জুলাইয়ের মধ্যে এই লিংকে ([http://103.113.200.29/student\\_covidinfo/](http://103.113.200.29/student_covidinfo/)) প্রবেশ করে তথ্যস্বত্ব পূরণ করে সাবমিট করার জন্য শিক্ষার্থীদের আহ্বান জানিয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিষয়টি জাতীয় জনগুরুত্বপূর্ণ ও জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি বিবেচনায় অধিভুক্ত কলেজের অধ্যক্ষবৃন্দকে স্ব স্ব কলেজের তথ্যস্বত্ব পূরণ নিশ্চিত করার লক্ষ্যে অনুরোধ করা হয়েছে।

(মোঃ ফয়জুল করিম)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ দপ্তর  
জাতীয় বিশ্ববিদ্যালয়।



# ঢাকা কমার্স কলেজ



(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৪৮০৩৩৯০৩, ৪৮০৩৭৩৫৭, ৪৮০৩৬৯৪২

e-mail: [cdhakacommercecollege@yahoo.com](mailto:cdhakacommercecollege@yahoo.com) Web: [www.dcc.edu.bd](http://www.dcc.edu.bd)

স্মারক নং: ঢাকক- ৪৬/১৬০/২১

তারিখ: ১৪/০৭/২০২১

## অফিস বিজ্ঞপ্তি (সংশোধিত)

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণরোধ ও স্বাস্থ্যবৃদ্ধি এড়াতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ঢাকা কমার্স কলেজে অধ্যয়নরত অনার্স, বিবিএ (প্রফেশনাল), সিএসই (প্রফেশনাল), মাস্টার্স ও এমবিএ (প্রফেশনাল) শ্রেণির শিক্ষার্থীদেরকে কোভিড-১৯ টিকা গ্রহণের লক্ষ্যে রেজিস্ট্রেশনের জন্য [http://103.113.200.29/student\\_covidinfo/](http://103.113.200.29/student_covidinfo/)-এই লিংকে প্রবেশ করে নির্ধারিত ছক পূরণপূর্বক আগামী ১৯/০৭/২০২১ তারিখের মধ্যে নিবন্ধন কাজ সম্পূর্ণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

বিষয়টি অতীব জরুরী।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ